

# ঢাবির নতুন উপাচার্য অধ্যাপক মাকসুদ কামাল

নিজস্ব প্রতিবেদক

১৬ অক্টোবর ২০২৩, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়টির সহ-উপাচার্য অধ্যাপক এএসএম মাকসুদ কামাল। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন তাকে এ নিয়োগ দিয়েছেন। এ বিষয়ে রবিবার প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এতে বলা হয়েছে, আগামী ৪ নভেম্বর থেকে তিনি দায়িত্বভার গ্রহণ করবেন। অধ্যাপক কামাল বর্তমান উপাচার্য মো. আখতারুজ্জামানের স্থলাভিষিক্ত হবেন। আখতারুজ্জামানের মেয়াদ শেষ হচ্ছে আগামী মাসের শুরুতে।

বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার সায়েন্স অ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের অধ্যাপক কামাল ২০২০ সালের জুন থেকে ঢাবির সহ-উপাচার্যের (শিক্ষা) দায়িত্ব পালন করে আসছেন। এর পূর্বে তিনি ভূতত্ত্ব বিভাগে অধ্যাপক পদে কর্মরত ছিলেন। অধ্যাপক কামাল গত বছরের এপ্রিল থেকে ২০২৭ সালের মার্চ পর্যন্ত যুক্তরাজ্যের ইউনিভার্সিটি কলেজ লন্ডনের ভিজিটিং প্রফেসর হিসেবে নিয়োগ পেয়েছেন। তিনি ২০০০ সালের মার্চে ঢাবির ভূতত্ত্ব বিভাগে প্রভাষক পদে যোগ দেন। তিনি ঢাবি শিক্ষক সমিতির চার মেয়াদে সভাপতি ও তিন মেয়াদে সাধারণ সম্পাদক ছিলেন। এ ছাড়া তিন মেয়াদে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি এবং মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেন।